মেহেরপুরে ৬টি সোনার বারসহ ২ জনকে আটক

ভারতে পাচারকালে ৪৭ লাখ টাকা মূল্যের ৬টি সোনার বারসহ ২ পাচারকারীকে আটক করেছে মেহেরপুর পুলিশ।
বুধবার ভোর পৌণে ৬ টার দিকে মেহেরপুর শহরের বড়বাজার এলাকার শিব মন্দিরের সামনে সদর থানা পুলিশের একটি টিম এ অভিযান পরিচালনা করেন।

আটকরা হলেন, নারায়নগঞ্জের বন্দর এলাকার মৃত আব্দুল মান্নানের ছেলে মাসুদ রানা (২৪) ও ঢাকার ১৮ নয়াতলা-মগবাজার এলাকার শেখ আশরাফুল কবীরের স্ত্রী কানিজ ফাতেমা (৪০)। উদ্ধারকৃত সোনার বারের মূল্য ৪৬ লক্ষ ৮০ হাজার টাকা বলে জানান পুলিশ।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম জানান, আটকরা ঢাকা থেকে বাসে করে এসে নেমে মেহেরপুর শহর হয়ে কাথুলী বাসস্ট্যান্ডের উদ্দ্যেশে রওনা দেয়। শহরের বড় বাজার এলাকার শিব মন্দিরের সামনে সদর থানার টহল পুলিশের উপপরিদর্শক (এসআই) ফরিদ ও এএসআই মিঠুনের সামনে পড়লে তাদের দেখে সন্দেহ হয়।

পরে তাদের শরীর তল্লাশী করলে থেকে কালো কসটেপ মোড়ানো ৬টি সোনার বার উদ্ধার হয়। তাদের প্রাথমিক জিজ্ঞাসাবাদ করা হয়েছে। তারা মেহেরপুর সীমান্তের একজন ইউপি সদস্যের মাধ্যমে ভারতে পাচারের উদ্দ্যেশ্যে যাচ্ছিল বলে প্রাথমিকভাবে জানিয়েছেন তারা। তবে তদন্তের স্বার্থে ওই ইউপি সদস্য নাম বলা যাচ্ছে না।

তিনি আরো বলেন, এ ঘটনায় সদর থানায় একটি মামলা দিয়ে আদালতে পাঠানোর প্রস্তুতি চলছে।

মেহেরপুরের সাবেক উপজেলা চেয়ারম্যান পালু আর নেই

মেহেরপুর সদর উপজেলার প্রথম চেয়ারম্যান ও জেলা জাতীয় পার্টির সাবেক সভাপতি খন্দকার আমিরুল ইসলাম পালু (৭৯) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ বুধবার ভোর ৫টার দিকে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

তিনি ডায়োবেটিস, কিডনিসহ ক্রনিক সিওপিডিতে ভুগছিলেন। শহরের তাঁতীপাড়ার নিজ বাসভবনে অসুস্থ অবস্থায় দিন যাপন করছিলেন। কয়েকদিন আগে বেশি অসুস্থ হয়ে পড়লে ঢাকার বারডেম হাসপাতালে ভর্তি করা হয়েছিলো।

খন্দকার আমিরুল ইসলাম পালু মেহেরপুর পৌরসভার ২ বার কমিশনার নির্বাচিত হয়েছিলেন। পরে তিনি পৌরসভার চেয়ারম্যানও নির্বাচিত হন। ১৯৮৫ থেকে ১৯৯০ পর্যন্ত তিনি সদর উপজেলার চেয়ারম্যান ছিলেন।

খন্দকার আমিরুল ইসলাম পালুর ভাতিজা রাজন খন্দকার জানান, আজ বুধবার বাদ আসর জানাযা শেষে শেখপাড়া পৌর কবরস্থানে দাফন করা হবে।

দামুড়হুদায় লোকমোর্চার দ্বি-মাসিক সমন্বয় সভা

দামুড়হুদায় লোকমোর্চার দ্বি-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪ টার দিকে দামুড়হুদা আব্দুল ওয়াদুদ শাহ্ ডিগ্রী কলেজের সভাকক্ষে।

দ্বি-মাসিক সমন্বয় সভায় দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সভাপতি অধ্যক্ষ কামাল উদ্দিনের সভাপতিত্বে: অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,

দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সহ সভাপতি কামরুন নাহার,সহ সম্পাদক হানিফ মন্ডল, দপ্তর সম্পাদক ইউনুছ আলী।

দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক হযরত আলীর সঞ্চালনায়, আরো উপস্থিত ছিলেন, হেলাল উদ্দিন,টিপু সুলতান, বাবুল হোসেন,মজিবার রহমান, হাসিবুর রহমান, ইউনুস আলী, হাবিবুর রহমান, মিরাজুল ইসলামসহ উপজেলা লোকমোর্চার সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন, ওয়েব ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।

দামুড়হুদা উপজেলায় ২২ টি পূজা মন্ডপের প্রস্ততি শেষ

দামুড়হুদা উপজেলায় ২২ টি পুজা মন্ডপবের প্রস্ততি শেষ, প্রতিমা বরণের বা মন্ডপগুলোতে পূজা-অর্চনা পাওয়ার অপেক্ষায় দেবী। ইতিমধ্যেই প্রতিমা তৈরি ও সাজানোর সকল কাজ শেষ। শেষ সময়ে ব্যস্ত সময় পার করছেন প্রতিমা শিল্পীরা।

আগামী শনিবার ১ অক্টোবর সকাল ৭ টা ২৪ মিনিট থেকে শুরু হচ্ছে হিন্দু ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা এবং ষষ্ঠী বিহিত পুজা প্রসস্ত সন্ধ্যায় দুর্গাপুজার বোধন, আমন্ত্রণ ও অধিবাস এর মধ্যে দিয়ে শুরু হবে পুজার আনুষ্ঠানুগতা।

দামুড়হুদা উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি আনন্দ কুমার ঘোষ ও সদস্য সচিব সনজয় হালদার বলেন, মা এবার ঘটকে চড়ে আসছেন আর নৌকায় চড়ে যাবেন। দামুড়হুদা উপজেলায় এ বছর ২২টি পূজা মন্ডপে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হচ্ছে। সুন্দর ও শান্তিপূর্ণ পরিবেশে উৎসব অনুষ্ঠানের লক্ষ্যে ইতিমধ্যেই সকল প্রস্ততি সম্পন্ন করা হয়েছে। শেষ সময়ে পূজার উৎসবকে পরিপূর্ণ রূপ দিতে মন্ডপগুলোতে চলছে ব্যাপক সাজ সাজ রব। ইতিমধ্যে বেশীর ভাগ মন্ডপগুলোতে প্রতিমার কাঠামো ও রং করার কাজ শেষ হয়েছে।

১ অক্টোবর থেকে শুরু হতে যাচ্ছে হিন্দু ধর্মের সব চেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা। স্থানীয় শিল্পী ছাড়াও বিভিন্নস্থান থেকে আগত শিল্পীরা এসে প্রতিমা তৈরী ও সাজ সজ্জার কাজ করছেন। প্রতিটি পূজা মন্ডপের জন্য তৈরি হচ্ছে দুর্গা, স্বরস্বতী, লক্ষ্মী, গণেশ, কার্তিক, অসূর, সিংহ, হাঁস, পেঁচা ও সাপসহ বিভিন্ন প্রতিমা।

দামুড়হুদা মডেল থানা ও দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস রহমান ও এএইচ এম লুৎফুল কবীর বলেন, হিন্দু ধর্মের সব চেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা। এ বছর দামুড়হুদা উপজেলায় ২২টি মন্ডপে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হতে যাচ্ছে। ইতিমধ্যে প্রতিটি পূজামন্ডপগুলো পরিদর্শন করেছি এবং প্রতিটি পূজা মন্ডপের সভাপতি ও সম্পাদকসহ সদস্যদের সঙ্গে মতবিনিময় করেছি। এ উৎসব শান্তিপূর্ণভাবে পালন ও নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে থানা প্রশাসনের পক্ষ থেকে ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে।

আশা করছি, কোথাও কোন সমম্যা হবে না। এর পরেরও কোন সমম্যা হলে কুইক রেসপন্সের মাধ্যমে সমাধান করা হবে এবং কোন প্রকার অপ্রিতিকার ঘটনা ঘটতে দেওয়া হবে না।

মেহেরপুরে ভারতীয় গরুসহ আটক ১

মেহেরপুরে ভারত থেকে চোরাইপথে আনা দুই টি গরুসহ নাহিদ হুসাইন
(৩৩) নামের একজনকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম।

মঙ্গলবার (২৭ সেপ্টেম্বর) সকাল ১১ টার দিকে সদর উপজেলার সীমান্তবর্তি বাড়িবাঁকা গ্রামের দাশপাড়া এলাকা থেকে চোরাইপথে আনা ২ টি গরুসহ নাহিদ হুসাইনকে আটক করা হয়।

মেহেরপুর সদর থানার তদন্ত অফিসার মেজবাহ উদ্দীন আহম্মেদের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) হাবিবুর রহমান,

এএসআই শাকিল খানসহ সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে দুটি গরু সহ

তাকে আটক করেন। গরু দুইটির আনুমানিক মূল্য দেড় লাখ টাকা বলে জানা গেছে।

এঘটনায় সদর থানা পুলিশ বাদী হয়ে ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ২৪-বি/২৫ ডি ধারায় নাহিদের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেছেন। মামলা নং ৪৫, তারিখ ২৬/০৯/২০২২ ইং।

মামলার আসামি নাহিদ হুসাইনকে মঙ্গলবার বিকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মিরপুরে উপজেলা আওয়ামী লীগের বর্ধিত সভা

প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন উপলক্ষে কুষ্টিয়ার মিরপুরে আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভা।

আগামীকাল ২৮ সেপ্টেম্বর মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন উপলক্ষে কুষ্টিয়ার মিরপুরে বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে মিরপুর উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা আওয়ামী লীগ ও সহযোগী অঙ্গ সংগঠন এ সভার আয়োজন করে।

সভায় বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সভাপতি ও আসন্ন জেলা পরিষদ নির্বাচনে আওয়ামীলীগ মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব সদর উদ্দিন খান।

জেলা আওয়ামীলীগের সিনিয়র সহ-সভাপতি ও জেলা পরিষদ প্রশাসক বীর মুক্তিযোদ্ধা হাজী রবিউল ইসলাম, জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজগর আলী, মিরপুর উপজেলা আওয়ামীলীগের সভাপতি এ্যাড. আব্দুল হালিম, সাধারন সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ কামারুল আরেফীন, জেলা আওয়ামী লীগের বিজ্ঞান প্রযুক্তি বিষয়ক সম্পাদক মমিনুর রহমান মোমিজ, কুষ্টিয়া শহর আওয়ামী লীগের সভাপতি তাইজাল আলী খান, মিরপুর পৌরসভার মেয়র হাজী

এনামুল হক, মিরপুর উপজেলা যুবলীগের আহবায়ক ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দার,

সহ মিরপুর উপজেলা আওয়ামীলীগের অঙ্গসহযোগী নেতৃবৃন্দ ও উপজেলার ১৩টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ওয়ার্ড কাউন্সিলর সহ পৌর কাউন্সিলরবৃন্দ।

সভায় বক্তারা বলেন, প্রধানমন্ত্রীর দৃঢ় নেতৃত্বে বর্তমান সরকার দেশের অর্থনীতির চাকা সচল রেখে অত্যন্ত সফলতার সাথে দেশ পরিচালনা করে যাচ্ছে। বক্তারা আরও বলেন, স্বাধীনতাবিরোধী চক্র খালেদা জিয়ার চিকিৎসার অজুহাত তুলে দেশে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করতে চায়। তাদের ষড়যন্ত্র রুখে দিতে সকল নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহবান জানানো হয়। একই সাথে বক্তারা “স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বাঙালি জাতির জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ মাইলফলক” বলেও উল্লেখ করেন। আগামীকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে জেলা আওয়ামী লীগের বিভিন্ন কর্মসুচী সফল করতে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানানো হয়।

একইসাথে আগামী ১৭ অক্টোবর জেলা পরিষদ চেয়ারম্যান নির্বাচনে আওয়ামীলীগ মনোনীত প্রার্থীকে বিজয়ী করতে সকলকে ঐক্যবদ্ধ ভাবে কাজ করার আহব্বান জানান মিরপুর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও সাধারন সম্পাদক। কুষ্টিয়া জেলায় উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আওয়ামীলীগ মনোনীত প্রার্থী আলহাজ্ব সদর উদ্দিন খান মহোদয়কে আনারস মার্কা প্রতীকে ভোট দিয়ে জয়যুক্ত করার আহব্বান করেন উপস্থিত জেলা আওয়ামীলীগের নেতৃবৃন্দ।

দামুড়হুদায় ৫০০ পিচ ভারতীয় ইনজেকশনসহ আটক১

দামুড়হুদার কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্প ৫০০ পিচ ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশনসহ ১ জনকে আটক করেছে।

জানাজায় দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস

ওয়াহিদ এর নেতৃত্বে কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এস আই আতিকুর রহমান জুয়েল, এএসআই মসলেম উদ্দিন, এএসআই জাহিদুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুুদা থানাধীন কোমরপুর পশ্চিমপাড়ার মৃত সদর আলীর ছেলে মতিয়ার রহমান (৪৫)বাড়ি অভিযান চালিয়ে ৫০০ পিচ ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশনসহ মতিয়ার রহমান কে আটক করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে ইয়াবাসহ যুবক আটক

জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৫০ পিচ ইয়াবাসহ আফাজুল ইসলাম (২৬) এক যুবককে আটক করেছে।

আজ মঙ্গলবার (২৭ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামের ডলার ব্রিকসের সামনে পাকা রাস্তা থেকে তাকে আটক করা হয়।

গ্রেফতারকৃত আফাজুল ইসলাম শোলমারী গ্রামের ক্যাম্প পাড়া এলাকার তোফাজ্জেল হোসেনের ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলমের নেতৃত্বে উপপরিদর্শক(এসআই) জুম্মান খান, এসআই কাজী মহসিন, এএসআই মাসুদ ও সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদে অভিযান চালিয়ে তাকে আটক করেন।

ডিবি পুলিশের ওসি সাইফুল আলম বলেন, ইয়াবার একটি চালান যাচ্ছে এমন সংবাদের ভিত্তিত্বে সেখানে অভিযান চালিয়ে আফাজুল ইসলা কে ১৬০ পিচ ইয়াবাসহ আটক করা হয়েছে।

ইয়াবাসহ আফাজুল ইসলামকে গ্রেফতারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় মামলা দায়ের করা হয়েছে।
আজ মঙ্গলবার (২৭ সেপ্টেম্বর) বিকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

[redacted]

[redacted]

ঝিনাইদহ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট বজলুর রহমান বলেন, ১০ জনের যাবজ্জীবন কারাদন্ড হলেও একজন মারা যাওয়ায় তাকে বেকসুর খালাস দিয়েছে আদালত। রায়ে পলাতক আসামিদের গ্রেফতার দ্রত করতে আইন-শৃঙ্খলা বাহিনীকে নির্দেশ দিয়েছেন আদালত।

হাফেজ তাকরিমকে সংবর্ধনা দিল সরকার

সৌদি আরবে কুরআন তিলাওয়াত প্রতিযোগিতায় ১১১টি দেশের মধ্যে সম্মিলিতভাবে তৃতীয় স্থান অর্জনকারী হাফেজ সালেহ আহমেদ তাকরিমকে সংবর্ধনা দিয়েছে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও ইসলামিক ফাউন্ডেশন।

মঙ্গলবার বেলা ১১টার দিকে জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে এ সংবর্ধনা দেওয়া হয়। এসময় তার হাতে ২ লাখ টাকার একটি চেক ও ক্রেস্ট তুলে দেন ধর্ম প্রতিমন্ত্রী মো. ফরিদুল হক খান।

প্রধান অতিথির বক্তব্যে ধর্ম প্রতিমন্ত্রী বলেন, আজকের অনুষ্ঠান থেকে আমি বিভিন্ন সময়ে বিশ্বজয়ী হাফেজ ও কারীদের শুভেচ্ছা জানাচ্ছি। আমরা প্রতিযোগিতার জন্য বিভিন্ন দেশে ১১৮ জন হাফেজ পাঠিয়েছি। এর মধ্যে ৯৬ জন হাফেজ প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জন করেছেন। বিশ্বজয়ী হাফেজ তাকরিমকে অভিনন্দন ও শুভেচ্ছা জানাই। পাশাপাশি তার বাবা-মা ও শিক্ষকদের শুভেচ্ছা জানাচ্ছি।

তাকরিমের বাবা হাফেজ আবদুর রহমান নিজের অনুভূতি প্রকাশ করে বলেন, তাকরিম আমার মেঝো ছেলে। সে বিশ্ব দরবারে বাংলার পতাকাকে উড্ডীন করেছেন। ওস্তাদদের পরিশ্রম ও ১৭ কোটি মানুষের দোয়ায় আমার ছেলে এই সফলতা অর্জন করেছে। আমি আমার ছেলের জন্য দোয়া চাই।

ধর্ম মন্ত্রণালয়ের মহাপরিচালক ড. মো. মুশফিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন অতিরিক্ত সচিব আবদুল আউয়াল হাওলাদার। এসময় উপস্থিত ছিলেন বায়তুল মোকাররমের খতিব মুফতি রুহুল আমীন, পিএইচপি গ্রুপের চেয়ারম্যান সুফী মিজানুর